

3 (Sem-1) BEN

Bijni College Library  
P.O.-Bijni, Dist.-Chirang  
(B.T.A.D) Assam

2 0 1 2

BENGALI

( Modern Indian Language )

Full Marks : 60

Time : 2½ hours

The figures in the margin indicate full marks  
for the questions

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও :

১×৭=৭

(ক) 'হরিহোড়ের বৃত্তান্ত' কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত?

(খ) 'রারণি' কাকে বলা হয়েছে?

(গ) 'ফাঁকি' কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত?

(ঘ) বিনুর বয়স কত ছিল?

(ঙ) "দূর পৃথিবীর গন্ধে ভরে ওঠে আমার এ ——— মন।"

( শূন্যস্থান পূরণ করো )

(চ) "বৃথা এ সাধনা  
ধীমান!"—কাকে 'ধীমান' বলা হয়েছে?

(ছ) কৃত্তিবাস রচিত কাব্যটির নাম কী?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৪=

(ক) “ভোরের কাক হয়ে এই কার্তিকের নবান্নের দেশে”  
—কোন দেশকে ‘নবান্নের দেশ’ বলা হয়েছে এবং কেন  
বলা হয়েছে?

(খ) বসুন্ধুরের মাতাপিতার নাম কী?

(গ) “লঙ্কার কলঙ্ক আজি ভঞ্জিব আহবে।” উক্তিটি কার?  
কাকে ‘লঙ্কার কলঙ্ক’ বলা হয়েছে?

(ঘ) “ব্যাধির চেয়ে আধি হল বড়ো।”  
উদ্ধৃতাংশটি কোন্ কবিতার? ‘আধি’ শব্দের অর্থ কী?

৩। নির্দেশ অনুযায়ী উত্তর দাও (যে কোনো তিনটি) :

৫×৩=১৫

(ক) “অর্ধেক আমার হবে অর্ধেক আপনি লবে  
দয়া করি চল মোরে লয়ে ॥”

উদ্ধৃতাংশটি কোন্ কবিতার? কে, কাকে এই কথা বলেছেন,  
প্রসঙ্গ উল্লেখ করে লেখো।

(খ) “একদিন অমরায় গিয়ে  
ছিন্ন খঞ্জনার মতো যখন সে নেচেছিল ইন্দের সভায়  
বাংলার নদী-মাঠ-ভাঁটফুল ঘুঙুরের মতো তাঁর কেঁদেছিল  
পায়।”

সপ্রসঙ্গ ব্যাখ্যা করো।

- (গ) “শূন্য স্থানে দেখিলাম যমের ভুবন ।  
তিন দ্বারে নানা স্থানে আছে সাধুগণ ॥”

উক্তিটি কার ? প্রসঙ্গ উল্লেখ করে চরণদুটি বিশদ করো ।

- (ঘ) “রয়ে গেলেম দয়ী  
মিথ্যে আমার হল চিরস্থায়ী ॥”

বক্তা কে ? কেন তাঁর এমন মনে হয়েছে,  
বিস্তৃতভাবে লেখো ।

- (ঙ) “কেমতে এসব জীব পাইবে উদ্ধার ।  
বিষয়-সুখেতে সব মজিল সংসার ॥”

প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা করো ।

- ৪। (ক) বৃন্দাবন দাসের অনুসরণে ‘নবদ্বীপ’ কবিতাটির একটি  
সারসংক্ষেপ তৈরি করো ।

১০

অথবা

- (খ) ‘মৃত্যুশয্যায় রাবণ’ কবিতাটি অবলম্বনে রাবণের চরিত্র  
বিশ্লেষণ করো ।

- ৫। (ক) “হে পিতৃব্য! তব বাক্যে ইচ্ছি মরিবারে!  
রাঘবের দাস তুমি !”

বক্তা কে ? কাকে ‘পিতৃব্য’ সম্বোধন করা হয়েছে? এই  
উক্তির আলোকে বক্তার চরিত্র-চিত্রণ করো ।

১০

অথবা

(খ)

“ওগো আমার আজ

সবার চেয়ে তুচ্ছ তারে সবার চেয়ে পরম প্রয়োজন,  
ফাঁকির বোঝা নামাতে মোর আছে সেই একজন।”

‘সবার চেয়ে তুচ্ছ’ বলতে কার কথা বলা হয়েছে? কেন  
তাকে বক্তার ‘পরম প্রয়োজন’, বিস্তারিত লেখো।

- ৬। (ক) ‘আবার আসিব ফিরে’ কবিতাটিতে জীবনানন্দের বঙ্গ  
প্রত্যাগমনের যে আশা ব্যক্ত হয়েছে তা তোমার নিজের  
ভাষায় লেখো।

অথবা

- (খ) ‘রূপসী বাংলা’ কাব্যগ্রন্থের পাঠ্য কবিতাগুলি অবলম্বনে  
জীবনানন্দ দাশের প্রকৃতি-প্রেমের পরিচয় দাও।

★ ★ ★